



চাপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

নয়াগোলা, চাপাইনবাবগঞ্জ
E-mail: chapaipbs@gmail.com
web : pbs.chapainawabganj.gov.bd



তারিখঃ

১৪ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ।
২৮ মার্চ, ২০২১ খ্রিঃ।

স্মারক নং-২৭.১২.৭০৬৬.৫৪৬.০১.০০৩.২১.৩৫০৪

: আইন উপদেষ্টা নিয়োগ বিজ্ঞপ্তি:

চাপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর মামলা মোকদ্দমা পরিচালনার জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে চুক্তিভিত্তিতে একজন আইন উপদেষ্টা নিয়োগের নিমিত্তে আগ্রহী প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। যারা আইন ব্যবসায় জেলা/ উপজেলা কোর্ট/ সহকারী জজ কোর্টে কমপক্ষে ০৮ (আট) বৎসর যাবত নিয়োজিত আছেন এবং অবসর প্রাপ্ত জুডিসিয়াল জজ যারা আইন ব্যবসায় জেলা পার্থায়ে (শুধুমাত্র চাপাইনবাবগঞ্জ জেলা) নিয়োজিত আছেন কেবলমাত্র তারাই আবেদন করতে পারবেন।
- ০৩। বার কাউন্সিলের এনরোলমেন্ট সার্টিফিকেটসহ Degree in law ও অন্যান্য সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, নাগরিকত্ব সনদ এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ও সাম্প্রতিক তোলা তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৪। মাসিক ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা রিটাইনার ফি সহ নিম্ন আদালত, হাইকোর্ট, সুপ্রীম কোর্টে মামলা পরিচালনার জন্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত নির্ধারিত হারে ফি প্রদান করা হবে।
- ০৫। অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে আইন উপদেষ্টা হিসাবে নিয়োজিত থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৬। আইন উপদেষ্টা ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। নিয়োগ প্রাপ্তির পর চুক্তিকালীন উভয় পক্ষ কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের অগ্রীম নোটিশের মাধ্যমে চুক্তি বাতিল করতে পারবেন।

উপরোক্ত পদে নিয়োগ লাভে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণ সাদা কাগজে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্র সহলিপি দরখাস্ত আগামী ১৫.০৪.২০২১ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে পৌঁছাতে হবে।

ক)	(১) আবেদনকারীর নাম	:	
	(২) পিতার নাম	:	
	(৩) মাতার নাম	:	
	(৪) জন্ম তারিখ	:	
	(৫) শিক্ষাগত যোগ্যতা	:	
খ)	বর্তমান ঠিকানা	:	
গ)	স্থায়ী ঠিকানা	:	
ঘ)	এ্যাডভোকেট হিসাবে এনরোলমেন্টের তারিখ	:	
ঙ)	আইন পেশায় নিয়োজিত কাল	:	
	(১) সহকারী জজ কোর্ট/উপজেলা কোর্ট	:	
	(২) জজ কোর্ট	:	
	(৩) হাই কোর্ট ডিভিশন/ সুপ্রীম কোর্ট এর এপ্লিকেট ডিভিশন	:	
চ)	আইন উপদেষ্টা পদে পূর্ব অভিজ্ঞতা	:	
ছ)	সরকারী/ আধাসরকারী/ স্বায়ত্বশাসিত অথবা অন্যান্য প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা হিসাবে নিয়োজিত থাকলে তার বিস্তারিত বিবরণ	:	

০৭। নিয়োগ সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যার উদ্ভব হলে চাপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌ. মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার।

অনুলিপিঃ

- ০১। পরিচালক, পবিস মানব সম্পদ/ পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, চাপাইনবাবগঞ্জ।
- ০৩। পুলিশ সুপার, চাপাইনবাবগঞ্জ।
- ০৪। জেলা ও দায়রা জজ, চাপাইনবাবগঞ্জ।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার----- ১/২/৩/৪।
- ০৬। সভাপতি, জেলা আইনজীবী সমিতি, চাপাইনবাবগঞ্জ।
- ০৭। ডিজিএম (সদর-কারিগরী)/ শিবগঞ্জ/ নাচোল/ ভোলাহাট জোনাল অফিস, চাপাইনবাবগঞ্জ পবিস।
- ০৮। নোটিশ বোর্ড।

(প্রকৌ. মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার।